গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
ভবন নং ৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০
www.modmr.gov.bd

নম্বর: ৫১.০০.০০০০.২২০.২০.০২২.২২(অংশ-৩)-৫৪৫

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০
৩০ মে ২০২৩

অফিস আদেশ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/অধিশাখার কর্মকর্তা বদলির জনিত কারণে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্য এবং শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্নেন্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনাসমূহ প্রস্তুত, পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য পূর্বের কমিটির কর্মপরিধি অপরিবর্তিত রেখে নিম্নোক্তভাবে এপিএ টিম পুনর্গঠন করা হলো:-

এপিএ টিম	বিকল্প এপিএ টিম
অতিরিক্ত সচিব (প্রশাসন, বাজেট, সেবা, আইন, ত্রাণ প্রশাসন, ত্রাণ, সিপিপি, প্রশিক্ষণ, আইসিটি, দুব্য-৩) ও এপিএ টিম লিডার	অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন, অডিট, এনডিআরসিসি) ও বিকল্প এপিএ টিম লিডার
যুগ্ম সচিব (প্রশাসন), তথ্য অধিকার এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক ফোকাল পয়েন্ট ও এপিএ সদস্য	উপসচিব (প্রশাসন) ও বিকল্প এপিএ সদস্য
যুগ্মসচিব (দুব্যক-৩), শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট ও এপিএ সদস্য	উপসচিব (দুব্য-১) ও বিকল্প এপিএ সদস্য
উপসচিব (পরিকল্পনা-৩) ও এপিএ সদস্য	উপসচিব (পরিকল্পনা-২) ও বিকল্প এপিএ সদস্য
উপসচিব (প্রশাসন), সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট ও এপিএ সদস্য	উপসচিব/ সিনিয়র সহকারী সচিব (সেবা) ও বিকল্প এপিএ সদস্য
উপসচিব (আইন ও ত্রাণ প্রশাসন), ই-গভর্নেন্স ও উদ্ভাবন বিষয়ক ফোকাল পয়েন্ট ও এপিএ সদস্য	সিষ্টেম এনালিষ্ট ও বিকল্প এপিএ সদস্য
উপসচিব (বাজেট) ও এপিএ ফোকাল পয়েন্ট	সিনিয়র সহকারী সচিব (দুব্য-২, প্রশিক্ষণ ও এপিএ) ও বিকল্প এপিএ ফোকাল পয়েন্ট

কমিটির কার্যপরিধিঃ

(ক) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিমার্জন ও হালনাগাদকরণ;

(খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন এবং এর লক্ষ্যমাত্রা অর্জনের বিষয় তদারকি, পরিবীক্ষণ ও সমন্বয় সাধন;

(গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সিপিপি'র সঙ্গে যোগাযোগ, সমন্বয় এবং এ সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত সময়ে প্রেরণ নিশ্চিতকরণ;

(ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন;

(ঙ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত কমিটি প্রয়োজনীয় সংখ্যক সভার আয়োজন করবেন এবং সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার ইউনিটে প্রেরণ করবেন এবং

(চ) কমিটি কার্যবিবরণী সংক্রান্ত কার্যক্রম ত্বরান্বিত ও মনিটরিং করার লক্ষ্যে নতুন সদস্য কো-অপ্ট করে একাধিক উপ-কমিটি গঠন করতে পারবে।

০২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে। একই সাথে মন্ত্রণালয়ের ০৯ নভেম্বর ২০২২ খ্রিঃ তারিখের ৫১.০০.০০০০.২২০.২০.০২২.২২(অংশ-৩)-৩৮৭ সংখ্যক স্মারকের অফিস আদেশটি এতদ্বারা বাতিল করা হলো।

৩০-৫-২০২৩
মোহাম্মদ ফারুক হোসেন
উপসচিব

ফোন: ৫৫১০০৬৯২
ফ্যাক্স: ৯৫৪৫৪০৫
ইমেইল: dsbudget@modmr.gov.bd

নম্বর: ৫১.০০.০০০০.২২০.২০.০২২.২২(অংশ-৩)-৫৪৫/১(৩২)

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০ / ৩০ মে ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) মুখ্য সমন্বয়ক (এসডিজি) , মুখ্য সমন্বয়ক (এসডিজি) এর দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

৫) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৬) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৭) অতিরিক্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা-১ অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৮) অতিরিক্ত সচিব, পরিকল্পনা-উন্নয়ন অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৯) যুগ্ম সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১০) পরিচালক, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)

১১) উপসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১২) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

১৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

৩০-৫-২০২৩
মোহাম্মদ ফারুক হোসেন
উপসচিব